



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৮১

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৯

২৩ জুন ২০২২

বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্র: দুদক প্রধান কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১০১.২২-১৩৭২৪; ৫/৪/২২খি. ও
০০.০১.০০০০.৫০৩.২৬.০৯৩.২২-১৬৫৭৫; ২৭/৪/২২খি...

দুদক প্রধান কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১০১.২২-১৩৭২৪; ৫/৪/২২খি. ও
০০.০১.০০০০.৫০৩.২৬.০৯৩.২২-১৬৫৭৫; ২৭/৪/২২খি. মোতাবেক সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সিটি কলেজের প্রভাষক
(সমাজবিজ্ঞান) জনাব তাপস কুমার সরকার সাতক্ষীরা সিটি কলেজে সমাজবিজ্ঞান বিষয়ে ৩য় শিক্ষক পদে জ্যেষ্ঠতা
লংঘন ও জালিয়াতির অভিযোগ করে দুদকে আবেদন করেন। দুদক কার্যালয় অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য মাউশিতে প্রেরণ করেন।

অভিযোগের বর্ণনা: আমি তাপস কুমার সরকার, সাতক্ষীরা সিটি কলেজে ০১/০৮/২০১৫ তারিখে যোগদান করিযা, অদ্যবধি
সুনামের সহিত কর্মরত আছি। সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মুরশিদা আক্তার ১১/০১/২০১৭ তারিখে
অবসর গ্রহণ করায় ৩য় শিক্ষকের পদটি খালি হয়। গভর্নিংবডির ২৫ তম সভায় ২৭/০৩/২০১৭ তারিখের সিদ্ধান্ত মোতাবেক
জ্যেষ্ঠতার ভিত্তিতে আমাকে ৩য় শিক্ষক হিসেবে পদায়ন করা হয় এবং এমপিও ভুক্তির জন্য সুপারিশ করা হয়। কিন্তু তথ্য
জালিয়াতি করে জনাব মাঃ ইমরুল হাসেন কে ৩য় শিক্ষক হিসেবে মাউশি তে নাম পাঠানো হয়েছে। অতি সম্প্রতি
০৭/১১/২০২১ ইং তারিখে মাউশি থেকে ৩য় শিক্ষকের এমপিও ভুক্তির জন্য নামের তালিকা প্রকাশিত হয়েছে। সেখানে ৩য়
শিক্ষক হিসেবে জনাব মাঃ ইমরুল হাসেন এর নাম প্রকাশিত হয়েছে সেখানে ৩য় শিক্ষক হিসেবে আমার কোন নাম নেই।
জনাব মাঃ ইমরুল হাসেনের যোগদান দেখানো হয়েছে ১১/১০/২০১৫ এবং পত্রিকার বিজ্ঞাপন দেখানো হয়েছে
০৩/০৮/২০১৫। জনাব ইমরুল হাসেন সমাজ বিজ্ঞান বিষয়ের ৫ম শিক্ষক হিসেবে বর্তমানে কর্মরত। ১১/১০/২০১৫ তারিখ
জনাব মাঃ ইমরুল হাসেনের যোগদান যখন দেখানো হয়েছে তখন এই বিভাগে জনাব মুরশিদা আক্তার, জনাব শফিউর
রহমান এবং জনাব মাঃ মনিরুজ্জামান এমপিও ভুক্ত শিক্ষক হিসেবে কর্মরত। ৩য় শিক্ষক হিসেবে জনাব মাঃ ইমরুল
হাসেন এর নাম প্রকাশিত হওয়া চরম জালিয়াতির বহিঃপ্রকাশ। অতএব, জনাব এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার
জন্য আপনার সদয় হস্তক্ষেপ কামনা করছি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি ১২ কর্ম দিবসের মধ্যে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার
জন্য উপপরিচালক (কলেজ) এবং সহকারী পরিচালক (কলেজ) মাউশি, আঞ্চলিক কার্যালয় খুলনাকে নির্দেশক্রমে
দায়িত্ব প্রদান করা হলো।

২৩-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

- ১) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৮১/১(৪)

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৯

২৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন
- ২) অধ্যক্ষ, সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।
- ৩) জনাব মোঃ ইমরুল হোসেন, প্রভাষক (সমাজবিজ্ঞান), সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।
- ৪) জনাব তাপস কুমার সরকার, প্রভাষক (সমাজবিজ্ঞান), সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।



২৩-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক